# মব করলে পুরো আসনের ভোট বন্ধ হতে পারে: আইজিপি



আইজিপি বাহারুল আলম। ছবি: সংগৃহীত

নির্বাচনে কোনো কেন্দ্রে মব সৃষ্টির চেষ্টা হলে শুধু সেই কেন্দ্র নয়, সংশ্লিষ্ট পুরো আসনের ভোটগ্রহণ স্থগিত করা হতে পারে—এমন কঠোর অবস্থানের কথা জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক বাহারুল আলম। মঙ্গলবার (১০ ফেব্রুয়ারি) আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য দেন।

আইজিপি বলেন, নির্বাচন ঘিরে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে এবং ভোটের পরিবেশ নষ্ট করার সুযোগ কাউকে দেওয়া হবে না। যেকোনো জরুরি পরিস্থিতি সামাল দিতে স্ট্রাইকিং ফোর্স প্রস্তুত থাকবে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে তিন স্তরের নিরাপত্তা বলয় গড়ে তোলা হয়েছে। আগের নির্বাচনে দায়িত্বে থাকা সদস্যদের এবার দায়িত্বে না রেখে নিরপেক্ষতা নিশ্চিতের চেষ্টা করা হয়েছে বলেও জানান তিনি।

তিনি আরও বলেন, এ নির্বাচন পুলিশের জন্য জনগণের আস্থা পুনর্গঠনের একটি বড় সুযোগ। কেন্দ্রভিত্তিক, ভ্রাম্যমাণ ও স্ট্রাইকিং ফোর্স—এই তিন কাঠামোয় নিরাপত্তা ব্যবস্থা সাজানো হয়েছে। মোট ১ লাখ ৮৭ হাজার ৬০৩ পুলিশ সদস্য মাঠে কাজ করছেন। পুলিশের পাশাপাশি সেনাবাহিনী, নৌবাহিনী ও আনসার সদস্যরাও নিরাপত্তা দায়িত্বে রয়েছে।

বাহারুল আলম জানান, এখন পর্যন্ত ২৭ হাজার ৯৯৫টি বৈধ অস্ত্র জমা পড়েছে। প্রায় ৯০ শতাংশ ভোটকেন্দ্রে সিসিটিভি স্থাপন করা হয়েছে। ঝুঁকিপূর্ণ কেন্দ্রগুলোতে বডি-ওয়ার্ন ক্যামেরা ও ড্রোন ব্যবহারের পরিকল্পনা রয়েছে।

তফসিল ঘোষণার পর থেকে বিচ্ছিন্ন সহিংসতার কথাও তুলে ধরেন আইজিপি। ১১ ডিসেম্বর থেকে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত ৩১৭টি সহিংস ঘটনার তথ্য পাওয়া গেছে। এসব ঘটনায় ৫ জন নিহত এবং ৬০৩ জন আহত হয়েছেন।